

প্রেস বিজ্ঞপ্তি

২৪/১০/২০২৩

বরাবর

বার্তা সম্পাদক/প্রধান প্রতিবেদক/এসাইনমেন্ট অফিসার

মহোদয়,

কর্মজীবী নারী'র পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা!

কোভিড পরবর্তী সময়ে নারী শ্রমিকদের শোভন কাজ ও সামাজিক সুরক্ষায় অভিগম্যতার লক্ষ্যে 'কর্মজীবী নারী' ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৫ নং ও ১৫ নং ওয়ার্ডে গত একবছর ধরে কাজ করে যাচ্ছে। এই কাজের অংশ হিসেবে ২০২৩ সালে কর্মজীবী নারী'র পক্ষ থেকে **ক্রিস্টিয়ান এইড** এর সহযোগিতায় **"কোভিড-১৯ পরবর্তী সময়ে নারীশ্রমিকের জীবন-জীবিকা, সামাজিক সুরক্ষা এবং অধিকার সচেতনতা: বর্তমান পরিস্থিতি"** বিষয়ক একটি জরিপ পরিচালনা করা হয়। এ জরিপের মাধ্যমে কোভিড-১৯ পরবর্তী সময়ে শহরের নিম্ন আয়ের মানুষের বসবাসরত এলাকাগুলোতে বসবাসরত প্রাতিষ্ঠানিক এবং অ-প্রাতিষ্ঠানিক খাতের নারীশ্রমিকদের কর্ম, আয়, জীবন-যাপন, সামাজিক সুরক্ষার বর্তমান অবস্থাসহ বিভিন্ন পরিস্থিতি তুলে আনা হয়েছে। নারী শ্রমিকদের অসহায়ত্ব দূরীকরণে নীতি-নির্ধারণী পর্যায় থেকে শুরু করে সমাজের প্রতিটি স্তরে আলোচনা করাসহ এ বিষয়ে যথাযথ পদক্ষেপ নেয়ার লক্ষ্যে 'কর্মজীবী নারী **"কোভিড-১৯ পরবর্তী সময়ে নারী ও নারীশ্রমিকের অসহায়ত্ব: শোভন কাজ ও সামাজিক সুরক্ষার প্রয়োজনীয়তা এবং বাস্তবতা"** শীর্ষক একটি মতবিনিময় সভার আয়োজন করতে যাচ্ছে। এই মতবিনিময় সভায় **প্রধান অতিথি** হিসেবে উপস্থিত থাকবেন **ব্যারিস্টার শামীম হায়দার পাটোয়ারী, এমপি (গাইবান্ধা-১)**। মতবিনিময় সভায় **সভাপতিত্ব করবেন উম্মে হাসান ঝালমল, সহসভাপতি, কর্মজীবী নারী**। এছাড়াও উক্ত অনুষ্ঠানে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ, উন্নয়ন সংগঠন, আইএনজিও, একাডেমিশিয়ান, নারী সংগঠন, শ্রমিক সংগঠনের নেতৃবৃন্দসহ প্রাতিষ্ঠানিক ও অ-প্রাতিষ্ঠানিক খাতে নিয়োজিত নারীশ্রমিকেরা উপস্থিত থাকবেন।

অনুষ্ঠান:	মতবিনিময় সভা
বিষয়:	কোভিড-১৯ পরবর্তী সময়ে নারী ও নারীশ্রমিকের অসহায়ত্ব: শোভন কাজ ও সামাজিক সুরক্ষার প্রয়োজনীয়তা এবং বাস্তবতা
সময় ও ভেন্যু:	২৫ অক্টোবর ২০২৩ বুধবার, সকাল ১০:৩০-দুপুর ০১.০০ টা পর্যন্ত আজিমুর রহমান কনফারেন্স হল, ডেইলি স্টার ভবন, ফার্মগেট, ঢাকা

অনুগ্রহপূর্বক উক্ত আয়োজনে আপনার বহুল প্রচারিত জাতীয় দৈনিক/দর্শক নন্দিত টেলিভিশন চ্যানেল/বার্তা সংস্থার পক্ষ থেকে একজন প্রতিবেদক ও একজন চিত্র সাংবাদিক/একজন ক্যামেরা ক্রু পাঠানোর অনুরোধ করছি।

ধন্যবাদ

আমেনা

প্রকল্প সমন্বয়ক

কর্মজীবী নারী